


৩/০-২৬/০১/২০২২



সৌর ঝড়ের কবলে পৃথিবী

■ ওয়াশিংটন থেকে রয়টার্স

শক্তিশালী সৌর ঝড়ের কবলে পড়ছে আমাদের এই পৃথিবী। বুধবার সারাদিনই এর প্রভাবে পৃথিবীর নানাক্ষেত্রে বিঘ্ন ঘটান আশঙ্কা রয়েছে। ২০০৫ সালের পর এটিই সবচেয়ে শক্তিশালী সৌর ঝড় বলে জানিয়েছেন বিজ্ঞানীরা। এ ঝড়ে পৃথিবীতে আছড়ে পড়বে তেজোদীপ্ত সৌরকণা।

ক্ষুদ্র ওই কণাগুলো বিশেষ করে কৃত্রিম উপগ্রহ ও নভোচারীদের জন্য উদ্বেগজনক। কারণ এর ফলে কৃত্রিম উপগ্রহের কাজে বিঘ্ন ঘটতে পারে। এছাড়া মেরু অঞ্চলে বিমান চলাচলেও সমস্যার কারণ হয়ে দাঁড়াতে পারে এই সৌর ঝড়। এর ফলে পৃথিবীর প্রযুক্তিগত ক্ষেত্রগুলোতে, যেমন: বিদ্যুৎ উৎপাদন, যোগাযোগ ব্যবস্থা এবং উপগ্রহ সংকেত আদান-প্রদানেও বিঘ্ন ঘটতে পারে।

রবিবার গ্রীনিচ মান সময় ৪টায় সূর্য থেকে নির্গত এক বিশাল অগ্নিকুণ্ড থেকে এ ভূ-চুম্বকীয় ঝড়ের উৎপত্তি। এতে করে তেজোদীপ্ত সৌর কণাগুলো স্বাভাবিক গতির চেয়ে ৫ গুণ দ্রুত ঘন্টায় প্রায় ৫০ লাখ মাইল বেগে ছুটছে। দ্রুতবেগে ছুটে আসা এ সৌরকণাগুলো পৃথিবীতে আছড়ে পড়লে তা ক্ষতির কারণ হবে বলেই আশঙ্কা বিজ্ঞানীদের।